উপজেলা পরিষদ কার্যালয়
গোয়ালন্দ, রাজবাড়ী।
www.goalanda.rajbari.gov.bd

গোয়ালন্দ উপজেলা পরিষদে ফেব্রুয়ারি-২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মোস্তফা মুন্সী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ১০.০২.২০২২

সময় : বেলা ১১.০০ ঘটিকায়।

উপস্থিতি : রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতেই জনাব আজিজুল হক, উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর উন্মুক্ত আলোচনার জন্য সদস্যদের আহবান করলে বিস্তারিত আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, সকল শিক্ষার্থীদের টিকার আওতায় আনতে হবে। | ১। শিক্ষার্থীদের টিকার আওতায় আনতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ রাজবাড়ী। |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, গত ১৭/০১/২০২২ তারিখে রোজ সোমবার ছোটভাকলা ইউনিয়নের কদমতলী এলাকায় কৃষি বিভাগের সার্বিক সহযোগিতার প্রণোদনা কর্মসূচির আওতায় ৫০ একর জমিতে সমলয় হাইব্রিড ধানের চাষাবাদ একযোগে ৩টি মেশিনের মাধ্যমে চারা রোপন করা শুরু হয়েছে। এর মাধ্যমে একসাথে চারা তৈরি, চারা রোপন ও ধান কর্তন করা হবে। | ১। আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে কৃষি কার্যক্রম করতে হবে। | ১। উপজেলা কৃষি অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ০৩ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, গোয়ালন্দ উপজেলায় অনেক পোল্ট্রি খামার রয়েছে যার নিবন্ধন নাই। অনিবন্ধিত পোল্ট্রি খামারগুলো নিবন্ধনের আওতায় আনার জন্য অনুরোধ জানান। আগামী ১৬/০২/২০২২ খ্রিঃ তারিখে উপেজলা কোর্ট চত্বরে প্রাণি সম্পদ প্রদর্শনী-২০২২ অনুষ্ঠিত হবে। উক্ত প্রদর্শনী সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকল দপ্তরের সহায়তা কামনা করেন। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ১। প্রাণি সম্পদ প্রদর্শনী-২০২২ আয়োজন করতে হবে।<br>২। অনিবন্ধিত পোল্ট্রি খামারগুলো নিবন্ধনের আওতায় আনতে হবে। | ১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, গোয়ালন্দ রাজবাড়ী। |
| ০৪ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোয়ালন্দ। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে । যে সব প্রাইমারী স্কুলে শহিদ মিনার নেই তার তালিকা প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর জমাদানের জন্য অনুরোধ করা হয়। | ১। যে সব প্রাইমারী স্কুলে শহীদ মিনার নেই তার তালিকা তৈরি করতে হবে । | ১। উপজেলা শিক্ষা অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ০৬ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগে দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ প্রতিবেদনে উল্লেখ করেন যে, জানুয়ারি-২০২১ মাসের সক্ষম দম্পতির সংখ্যা ২৬৪১০ জন এবং পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২০৪৯৪ জন ও পদ্ধতি গ্রহণ করে না ৫৯১৬ জন। উপজেলায় সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর হার ৭৭.৬০%। অত্র উপজেলায় | ১। সক্ষম দম্পতি, রোগীর সেবা ও গর্ভবতী মায়ের চিকিৎসা সঠিকভাবে প্রদান করা হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।<br>২। দৌলতদিয়া ব্রোথেলের যৌন কর্মীদের স্বাস্থ্য সেবা | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |

| | | | |
|---|---|---|---|
| | | মোট গর্ভবতী মায়ের সংখ্যা ৮৪১ জন। ব্রোথেলে যৌন কর্মীদের স্বাস্থ্য সেবা নিয়ে কাজ করতে অনুরোধ জানান। বেতকা একটি কমিউনিটি ক্লিনিক স্থাপন করা হবে। | নিশ্চিত করতে হবে। | |
| ০৭ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, ৩ মাস পরপর ক্যান্সার ও বিভিন্ন রোগীদের নিয়ে অনুদান প্রদান সংক্রান্ত সভা হয়। অনুদান পেতে কমপক্ষে ০৬ (ছয়) মাস বা তার বেশি সময় লেগে যায়। তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ১। ক্যান্সার ও বিভিন্ন রোগীদের নিয়ে অনুদান প্রদান যাতে সময় ক্ষেপন না হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোয়ালন্দ |
| ০৮ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, গোয়ালন্দ |
| ০৯ | বিদ্যুৎ বিভাগ | উপজেলা আবাসিক প্রকৌশলী, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় অবহিত করেন যে, তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। রাস্তার পাশে অবস্থিত গাছগুলো অপসারন করে বিদ্যুৎ সরবরাহ অবিছিন্ন রাখতে হবে। তিনি আরো জানান সরকারী, আধা সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিকট অনেক বিদ্যুৎ বিল বকেয়া আছে। বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ করেন। | ১। সকল দপ্তরের বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে। | ১। সকল অফিস প্রধান<br>২। উপজেলা আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), গোয়ালন্দ |
| ১০ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, স্কুলে শহিদ মিনার নির্মাণের ব্যাপারে কথা বলেন। শীঘ্রই শিক্ষার্থীদের করোনার টিকা ২য় ডোজ দেওয়া শুরু হবে। | ১। সকল শিক্ষার্থীদের টিকার আওতায় আনতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ,রাজবাড়ী। |
| ১১ | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। জন্ম মৃত্যু নিবন্ধন যাচাই বাছাই করে নিবন্ধন করতে সংশ্লিষ্ট চেয়ারম্যানদের অনুরোধ জানান। | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা নির্বাচন কর্মকর্তা, গোয়ালন্দ |
| ১২ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ১৩ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে । ভিজিডি কার্ডের চাল ১ থেকে ১০ তারিখের মধ্যে বিতরণ করার জন্য অনুরোধ জানান। ১০ টাকা কেজি দরে চাল বিতরণের জন্য নতুন করে যাচাই-বাছাই করা হবে। | ১। যথাসময়ে ভিজিডি চাল বিতরণ করতে হবে।<br>২। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোয়ালন্দ। |
| ১৪ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোয়ালন্দ |
| ১৫ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সভাকে জানান যে, যুব ও ক্রীড়া মন্ত্রনালয় কর্তৃক যুব কল্যান তহবিল থেকে যুব সংগঠনকে আত্নকর্মসংস্থানমুলক প্রকল্প বাস্তবায়নের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে অনুদানের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ১০/০৩/২০২২। অনলাইনে আবেদন করতে হবে। | ১। ২০২১-২০২২ অর্থ বছরে অনুদানের বিজ্ঞপ্তির ব্যাপক প্রচার করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ১৬ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১। ঋণ আদায়ে তৎপর হতে হবে। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা, গোয়ালন্দ। |
| ১৮ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক গোয়ালন্দ উপজেলায় ০৭ টি কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। বিআরডিবি দারিদ্র বিমোচনের লক্ষ্যে কাজ করছে এবং দরিদ্র জনসাধারণের জন্য ঋণ সহায়তা প্রদান করছে। ২০২১-২০২২ অর্থবছরের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৬০৩.৬১ লক্ষ টাকা। জানুয়ারি-২০২২ পর্যন্ত বিতরণ ৩৮৭.৫৩ টাকা, বিতরণের হার ৬৪%। সুবিধা প্রাপ্ত সদস্য সংখ্যা ৭১০ জন। ঋণ আদায় | ১। ঋণ আদায় ও বিতরণের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩৮৩.৪৬ লক্ষ টাকা। ৪০ (চল্লিশ) জন সদস্যকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং অফিসের কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে। | | |
| ১৯ | আনসার ও ভিডিপি বিভাগঃ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ইউএনও বলেন যে, আনসার ও ভিডিপি কর্তৃক বা প্রশিক্ষনের আয়োজন করা হবে। এসব প্রশিক্ষণে ব্রোথেলের ছেলে-মেয়েদেরকে অন্তর্ভুক্ত করার আহবান জানানো হয়। | ১। বিভিন্ন প্রশিক্ষণে ব্রোথেলের ছেলে-মেয়েদেরকে অন্তর্ভুক্ত করতে হবে। | ১। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গোয়ালন্দ। |
| ২০ | বন বিভাগঃ | ফরেস্টার উপজেলা বন বিভাগ, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কোন বিষয়ে আলোচনা করা সম্ভব হলো না। | ১।সভায় উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ফরেস্টার উপজেলা বন বিভাগ, গোয়ালন্দ, রাজবাড়ী |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, খেলাপী ঋণের টাকার পরিমান অনেক। খেলাপি ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | ১। ঋণ আদায়ে তৎপর হতে হবে। | ১। শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক গোয়ালন্দ |
| ২২ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরের ঋণ বিতরণ ২৬২.৩২লক্ষ টাকা। ঋণ আদায় করা হয়েছে ২৪৪.৯৬ লক্ষ টাকা। প্রণোদনা ঋণ বিতরণ ২২.০০ লক্ষ টাকা, প্রক্রিয়াধীন প্রনোদনা ঋণ ৭৩.০০ লক্ষ টাকা এবং ঋণ সুবিধা প্রাপ্ত সদস্য ৪১৩ জন। উদ্যোক্তার মৃত্যুজনিত কারণে ঋণ মওকুফ ৪২৮৭৫০ টাকা-০১ জন। | ১। ঋণ আদায় ও বিতরণের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ২৩ | তথ্য আপা | উপজেলা তথ্য আপা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় অবহিত করেন যে, তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে। তাদের কার্যালয়ে প্রধান কাজ উঠান বৈঠক যা নিয়মিত চলমান রয়েছে। | ১। উঠান বৈঠকে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা তথ্য কর্মকর্তা , গোয়ালন্দ, রাজবাড়ী |
| ২৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় অবহিত করেন যে, তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে। | ১। কাজের গুণগত মান বজায় রাখতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, গোয়ালন্দ, রাজবাড়ী |

২৫। বিবিধ সিদ্ধান্ত ঃ-

ক) উপজেলা পরিষদের জানুয়ারি-২০২২ মাসের সম্মানী ভাতার পরিমান চেয়ারম্যান ৪৫,০০০/-(পয়তাল্লিশ হাজার) টাকা, ভাইস-চেয়ারম্যান ২৭,০০০/-(সাতাশ হাজার), মহিলা ভাইস-চেয়ারম্যান ২৭,০০০/-(সাতাশ হাজার) টাকা, উপজেলা পরিষদের জানুয়ারি-২০২২ মাসের মালীর বেতন ভাতা+পারিতোষিক ভাতাসহ মোট ৩৪,১০০/-(চৌত্রিশ হাজার একশত) টাকা ও পরিস্কার ও পরিচ্ছন্নতা কর্মীর বেতন+পারিতোষিক ভাতাসহ মোট ৩৪,১০০/-(চৌত্রিশ হাজার একশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়েছে। যা ভূতাপেক্ষ অনুমোদনের প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রদানকৃত টাকা অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

খ) উপজেলা পরিষদে ফেব্রুয়ারি-২০২২ মাসের বিভিন্ন আপ্যায়ন বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা ও স্থায়ী কমিটি সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/-(আট হাজার) টাকা মোট ৩৮,০০০/-(আটত্রিশ হাজার) টাকা মাত্র খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) উপজেলা পরিষদ কার্যালয়ে জানুয়ারি-২০২২ মাসের আনুষংঙ্গিক মালামালের ক্রয়কৃত ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) উপজেলা পরিষদের ৪(ঘ) নং কোয়াটারের পানির লাইন মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) উপজেলা প্রকৌশলী জানান যে, উজানচর আশ্রয়ন প্রকল্পের সংযোগ সড়কে পানি নিস্কাশনের জন্য পাইপ কালভার্ট নির্মাণ কাজ এডিবির অর্থায়নে পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। যার প্রাক্কলিত মূল্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ।

চ) উপজেলা প্রকৌশলী জানান যে, ছোটভাকলা ইউনিয়নের কদমতলী ফজলু মাস্টারের পুকুরের চালায় ইরির ব্লকে ড্রেন নির্মাণ যা টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

ছ) উপজেলা প্রকৌশলী জানান যে, ছোটভাকলা ইউনিয়নের চর বরাট মজিদের বাড়ী সংলগ্ন ডাবল কালভার্ট নির্মাণ যা টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

জ) উপজেলা প্রকৌশলী জানান যে, ছোটভাকলা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের হতঃদরিদ্র ও নদী ভাঙ্গন পরিবারের মাঝে মাঝে রিং স্লাব সরবরাহ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা যা পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ঝ) উপজেলা প্রকৌশলী জানান যে, গত জানুয়ারি/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণীতে দৌলতদিয়া আক্কাছ আলী হাই স্কুলের পিছনের প্রতিরক্ষা কাজের অবশিষ্ট ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকা যাহা ১,৪০,০০০/- ও ১,২০,০০০/- টাকার ০২ (দুটি ) পিআইসি ও এবং উজানচর ইউনিয়নে প্রতিরক্ষা অবশিষ্ট কাজের ১,৯০,০০০/- ( এক লক্ষ নব্বই হাজার) টাকা অনুমোদিত ছিল । উক্ত প্রকল্পের সংশোধিত নাম দৌলতদিয়া আক্কাছ আলী স্কুল সংলগ্ন মুজিববর্ষের 'ক' শ্রেণির ঘর নির্মিতস্থানে সংযোগ সড়ক নির্মাণ যা পিআইসি মাধ্যমে এডিপির অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।

ঞ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অধীনে ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত গ্রামীণ মাটির রাস্তাসমূহে সংযোগ নিমিত্ত বিভিন্ন খালের উপর ব্রীজ নির্মাণ করা অতীব জরুরি। সে লক্ষ্যে উপজেলার ব্রীজের তালিকাসমূহ প্রস্তুত করে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | ব্রীজের দৈর্ঘ্য | ইউনিয়নের নাম |
|---|---|---|---|---|
| ০১ | গোয়ালন্দ | দৌলতদিয়া আক্কাছ আলী হাই স্কুল সংলগ্ন প্রধানমন্ত্রীর আবাসন প্রকল্পের সংযোগ রাস্তায় খালের উপর ৫০ ফুট ব্রীজ নির্মাণ | ৫০ ফুট | দৌলতদিয়া |
| ০২ | গোয়ালন্দ | দৌলতদিয়া লোকমান চেয়ারম্যান এর রাস্তা হতে ইউনিয়ন পরিষদ অভিমুখী রাস্তায় ৪০ ফুট ব্রীজ নির্মাণ | ৪০ ফুট | দৌলতদিয়া |
| ০৩ | গোয়ালন্দ | উজানচর সাহাজুদ্দিন মাতুব্বর পাড়া কবির জোয়ারদারের বাড়ীর নিকট খালের উপর ৫০ ফুট ব্রীজ নির্মাণ | ৫০ ফুট | উজানচর |
| ০৪ | গোয়ালন্দ | দেবগ্রাম তেনাপঁচা চর বেতকা সরকারী প্রাথমিক বিদ্যালয় এর নিকট খালের উপর ৫০ ফুট ব্রীজ নির্মাণ | ৫০ ফুট | দেবগ্রাম |
| ০৫ | গোয়ালন্দ | উজানচর চরকর্ণেশনা রহমানের বাড়ীর নিকট খালের উপর ৫০ ফুট ব্রীজ নির্মাণ । | ৫০ ফুট | উজানচর |
| ০৬ | গোয়ালন্দ | দেবগ্রাম ইউনিয়নের কাউলজানি মরা পদ্মা কেনালে ৫০ ফুট ব্রীজ নির্মাণ | ৫০ ফুট | দেবগ্রাম |
| ০৭ | গোয়ালন্দ | দৌলতদিয়া ইদ্রিস মিয়ার পাড়ায় খালের উপর ৫০ ফুট ব্রীজ নির্মাণ। | ৫০ ফুট | দৌলতদিয়া |
| ০৮ | গোয়ালন্দ | চর দৌলতদিয়া হীরার দোকান এর নিকট ৫০ ফুট ব্রীজ নির্মাণ | ৫০ ফুট | দৌলতদিয়া |
| ০৯ | গোয়ালন্দ | ছোটভাকলা চাকির তালুক ডা. রাইহানের বাড়ীর নিকট খালের উপর ৫০ ফুট ব্রীজ নির্মাণ। | ৫০ ফুট | ছোটভাকলা |
| ১০ | গোয়ালন্দ | ছোটভাকলা বিষ্ণুপুর রেলওয়ে সংলগ্ন খালের উপর ৩০ ফুট ব্রীজ নির্মাণ। | ৩০ ফুট | ছোটভাকলা |

ট) উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার স্থাপনের লক্ষ্যে কক্ষ রংকরণ, বৈদ্যুতিক লাইন মেরামত ও পুনঃসংস্কার এবং বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে এবং উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তাকে জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানান।

Hossain 10/02/22

(মোঃ মোস্তফা মুন্সী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়ালন্দ, রাজবাড়ী।
মোবা:০১৭৭০-৬৭৪৮০০
ই-মেইল:upozilaparishad@gmail.com

বিতরণ: ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। উপজেলা ভাইস চেয়ারম্যান/মাহলা ভাইস চেয়ারম্যান, গোয়ালন্দ, রাজবাড়ী।
০২-৩২। ..............................................................কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী।
৩৩-৩৬।চেয়ারম্যান, দৌলতদিয়া/দেবগ্রাম/ছোটভাকলা/উজানচর ইউনিয়ন পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।

স্মারকনং-০৫.৩০.৮২২৯.০০৪.০৬.০০৩.১৭-১৯৮(৩৫) তারিখ: ১০.০২.২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ মাসিক সভা, গোয়ালন্দ, রাজবাড়ী।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

10/02/2022

(আজিজুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী।
মোবা: ০১৭৩৩-৩৩৬৪০৮
ই-মেইল:unogoalanda@mopa.gov.bd